

ইউনিফর্ম না পরায় ২০ শিক্ষার্থীকে বেত্রাঘাত

লক্ষ্মীপুর প্রতিনিধি >

লক্ষ্মীপুরের রামগঞ্জ উপজেলার পানপাড়া উচ্চ বিদ্যালয়ে ইউনিফর্ম (নির্ধারিত পোশাক) না পরায় ২০ শিক্ষার্থীকে বেত্রাঘাত করেছেন এক শিক্ষক। গতকাল মঙ্গলবার পরীক্ষা চলাকালে শিক্ষক মো. সোলেমান ক্ষিপ্ত হয়ে বেত্রাঘাতের পর শ্রেণিকক্ষ থেকে শিক্ষার্থীদের বের করে দেন। শিক্ষার্থীদের বেত্রাঘাত করা শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। অহতরা ২০ শিক্ষার্থীর পিঠ, হাতসহ শরীরের বিভিন্ন অংশে আঘাতের চিহ্ন রয়েছে। তারা স্থানীয়ভাবে চিকিৎসা নিচ্ছে।

অভিভাবক ও স্থানীয় সূত্র জানায়, বিদ্যালয়ে অর্ধবার্ষিক পরীক্ষা চলাকালে গতকাল দুপুরে শিক্ষক সোলেমান শ্রেণি কক্ষে যান। এ সময় তিনি সপ্তম ও দশম শ্রেণির শিক্ষার্থীদের এলোপাতাড়ি বেত্রাঘাত করেন। একপর্যায়ে তাদের পরীক্ষাকেন্দ্র থেকে বের করে দেন। পরে তারা পরীক্ষায় অংশ নেয়। এ নিয়ে ফুরক হয়ে ওঠেন ছাত্র ও অভিভাবকরা। পরে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি শফিকুল ইসলাম, শিক্ষক, অভিভাবক ও এলাকাবাসী জরুরি বৈঠকে বসে।